হয় কিনা?
চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন গ্রাম ভিত্তিক ব্যয় যুব কার্যক্রমে যাবে।
- কত পারসেন্ট রিবেট দেয়া হবে তা নির্ভর করে সমিতির আয় অনুযায়ী, বছর শেষে সিদ্ধান্ত নেয়া হবে, ভ্যাকসিনের বাজেট পরবর্তীতে রিভিউ করা হবে।

মি. নিকোলাস গমেজ সদস্য নং ৩৫৯, তিনি প্রস্তাব করেন কর্মীদের বিভিন্ন ট্রেনিং এর মাধ্যমে সেবার মান বাড়াতে। চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।
চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন, প্যারিস পাস্টারাল ফান্ড জন্য ১,০০,০০০.০০ টাকা এবং অর্ডিনেশন এর জন্য ২,০০,০০০.০০ টাকা , এজিএম এর অনুমোদনের জন্য উপস্থাপন করলাম, আপনাদের মতামতের উপর ভিত্তি করে সিদ্ধান্ত নেওয়া হবে।

মি. শিমুল গমেজ সদস্য নং ১২০৫ বলেন, গাড়ী ক্রয় ২৫,০০,০০০.০০ টাকা রাখা হয়েছে কিন্তু মেইনটেনেন্স এর বাজেট নেই, অতএব আলাদা হেডে মেইনটেনেন্স খরচ হিসেবে ৬,০০,০০০.০০ টাকা দেখানো হোক।

মি. লেনার্ড রোজারিও, সদস্য নং ২৩২৪ বলেন, জমি উন্নয়ন খরচ সম্পর্কে জানতে চান, তিনি আরও বলেন যদি গাড়ী ক্রয় করা হয় তাহলে যাতায়াত ভাড়া বাদ যাবে। চেয়ারম্যান বলেন গাড়ী ক্রয় করলে ৪,০০,০০০.০০ টাকা বাজেট বাদ যাবে।

মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং-৬৪০ বলেন, তিনি কাক্কো শেয়ার ক্রয় সম্পর্কে জানতে চান। তিনি গাড়ীর তৈল খরচ এ বৎসর অর্ধেক ও পরবর্তী বৎসর পূর্ণ ধরার প্রস্তাব করেন। অর্ডিনেশন অনুষ্ঠানে অনুদান শুধু এ্যাডের মাধ্যমেই সীমাবদ্ধতা রাখা উচিত বলে মন্তব্য করেন।

মি. সুরেন রিচার্ড গমেজ সদস্য নং ৭৭৫ বলেন, যেহেতু অর্ডিনেশন আমাদের, সন্তানদের আহ্বানে সারা জাগাবে তাই অর্ডিনেশনে ২,০০,০০০.০০ টাকা দেওয়া হোক, যেন মিশনের সবাই মিলে অভিষেক প্রোগ্রাম সুন্দর ভাবে সম্পন্ন করতে পারি।
চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন, কাক্কো কে সামনে এগিয়ে নেওয়ার জন্য শেয়ার ক্রয় করা হয়েছে। কাক্কো যেহেতু খ্রিস্টান সমিতি গুলো নিয়ে গঠিত হয়েছে তাই আমাদের উচিত কাক্কো এগিয়ে নিয়ে যাওয়া।
মি. সুব্রত মাইকেল রোজারিও সদস্য নং ৯৩৯ বলেন, মিশনের সামগ্রিক স্বার্থে অবশ্যই ২,০০,০০০.০০ অর্ডিনেশনের বাজেট রাখা হোক।
মিসেস লিউনী রোজারিও সদস্য নং ২১৮৪ তিনি জানতে চান মেডিক্যাল ক্যাম্প ও টিকাদান কর্মসূচি দুইটি আলাদা না এক।
মি. খ্রীষ্টফার দেশাই সদস্য নং- ১৬ বলেন, যেহেতু ঋণ খেলাপী অনেক রয়েছে তাই অভিষেক অনুষ্ঠানে অনুদান কমিয়ে আনা প্রয়োজন।
চেয়ারম্যান মিঃ শ্যামল জেমস্ রোজারিও বলেন, মেডিক্যাল ক্যাম্প ও টিকা দান কর্মসূচী দুইটি আলাদা প্রোগ্রাম।
মি. রবার্ট পংকজ গমেজ সদস্য নং-৯৭৭ বলেন, চার্চের সাথে সহাবস্থানে থাকায় অনুদান ২,০০,০০০.০০ টাকা অনুমোদন দেয়া হোক।
মি. সঞ্চয় ডমিনিক রোজারিও সদস্য নং ৬৪০ বলেন যত ব্যয় করেন কিন্তু আমরা আগামীতে ৮% ডিভিডেন্ট চাই।
চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন, সকলের সমর্থনে ২,০০,০০০.০০ টাকা দেয়া হল।
চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন, যদি সম্ভব হয় তাহলে ৮% নয় ১২% ডিভিডেন্ট দিতে চাই, তবে এক্ষেত্রে সবার সার্বিক সহযোগিতা প্রয়োজন।
এ পর্যায়ে চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও এ আহবানে ২০১৫-১৬ অর্থ বছরের আয়ের বাজেট অনুমোদিত, সংযোজিত ও মোট যথাক্রমে ৮১,৬৬,৩৩,৮৬২ টাকা, ৪,৫৬,৬০,০০০ টাকা,ও ৮৬,২২,৯৩,৮৬২ টাকা এবং প্রস্তাবিত আয়ের বাজেট ২০১৬-১৭ অর্থ বছরে ৯৭,৩৬,২৯,০১২ টাকা পাশাপাশি ২০১৫-১৬ অর্থ বছরের ব্যয়ের বাজেট অনুমোদিত, সংযোজিত ও মোট যথাক্রমে ৫৩৩১৬৪৯০০ টাকা ১২,১৪,৮৫,০০০ টাকা ও ৬৫,৪৬,৪৯,৯০০ টাকা এবং প্রস্তাবিত ব্যয়ের বাজেট ২০১৬-১৭ অর্থ বছরে ৭৭,৬০,৫৯,৩৯০ টাকা উপস্থিত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ এর প্রস্তাবে এবং মিঃ রবার্ট পংকজ গমেজ সদস্য নং ৯৭৭ এর সমর্থনে ২০১৫-২০১৬ আর্থিক বছরের আয় ও ব্যয় এর বাজেট গৃহিত ও অনুমোদিত হয়।

**ঋণদান পরিষদের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন ঃ**
ঋণদান পরিষদের প্রতিবেদন উপস্থাপন করেন ঋণদান পরিষদের চেয়ারম্যান মিঃ ফিলিপ প্রফুল্ল রোজারিও। শুরুতে সকলকে সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে ঋণদান পরিষদের প্রতিবেদনে কারো কোন প্রশ্ন থাকলে তা করার আহবান করেন।
মি. লেনার্ড রোজারিও সদস্য নং ২৩২৪ তিনি জানতে চান ঋণদান পরিষদের কোন সভা হয়েছে কিনা। তিনি ঋণের খাত ওয়ারী ব্যাখ্যা চান।

মি. সুব্রত রোজারিও, সদস্য নং ৯৩৯ বলেন, বর্তমান বোর্ডকে সকল কিছুর জন্য ধন্যবাদ জানান।
মি. বিন্দু সুমন রোজারিও, সদস্য নং ১৮১৬ বলেন, সদস্য পদ খারিজের জন্য কোন সদস্যকে যেন শো-কস না করা হয়। There is no room to a dishonest person in Mothbari Christian Co-Operative Credit Union Ltd.
মি. দিলিপ পেরেরা সদস্য নং ৯৭০ বলেন আগামী এজিএম এর ১৫ দিন পূর্বে যেন নদ্দা গির্জায় রিপোর্ট বা বিজ্ঞপ্তি প্রদান করা হয়।
মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ বলেন, সভাপতির বক্তব্য নিয়ে বলতে হয় বিগত বোর্ড, বর্তমান চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এর নামে যে ডায়রী করা হয়েছে তা তুলে নেবার আহবান করেন।

চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন, সাধারণ সভার সিদ্ধান্ত যেহেতু পেয়েছি, এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ এর প্রস্তাব ও মি.বিন্দু সুমন রোজারিও, সদস্য নং ১৮১৬ এর সমর্থনে বিবিধ আলোচনা শেষ করেন।

**সম্মাননা প্রদান ঃ**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের প্রতিষ্ঠা লগ্নে যারা শ্রম দিয়েছে তাদের মধ্যে প্রতিষ্ঠাতা সদস্য জীবিত রয়েছেন তিন জন তাদেরকে ক্রেস্ট দিয়ে সম্মাননা দেয়া হয়।

১. মি. নিমাই এডুয়ার্ড গমেজ, সদস্য নং ০৯, ক্রেস্ট গ্রহণ করেন ছেলে বৌ মিসেস মার্গারেট ক্রুশ।
২. মি. পিটার পেরেরা, সদস্য নং ১৪, ক্রেস্ট গ্রহণ করেন ছেলে রনি পেরেরা।
৩. মি. পল পিউরীফিকেশন, সদস্য নং ২২, ক্রেস্ট গ্রহণ করেন ভাই আগষ্টিন পিউরীফিকেশন।

সমিতির সবোর্চ্চ শেয়ার হোল্ডারকে ক্রেস্ট দিয়ে সম্মাননা দেয়া হয়, সর্বোচ্চ শেয়ার আমানতকারী হিসেবে সম্মাননা দেয়া হয় মি. ডমিনিক কস্তা, মাল্লা সদস্য নং ৭৬৯।

সমিতির সবোর্চ্চ প্রেডাক্ট ধারীকে ক্রেস্ট দিয়ে সম্মাননা দেয়া হয়, সর্বোচ্চ প্রোডাক্টধারী হিসেবে সম্মাননা দেয়া হয় মিসেস সাগরিকা রোজারিও, মাল্লা সদস্যা নং ১৫১২।

**স্টাফ সার্ভিস সম্মাননাঃ**

সমিতিতে কর্মরত পাঁচ জন স্টাফকে তাদের চাকুরীর মেয়াদ অনুসারে সম্মাননা হিসেবে সার্টিফিকেট ও নগদ অর্থ প্রদান করা হয়।

| | নাম | পদবী | সম্মাননা |
|---|---|---|---|
| ১। | মি. অসিত ফ্রান্সিস গমেজ | সিনিয়র অফিসার (এডমিন) | সার্টিফিকেট ও ছয় হাজার টাকা |
| ২। | মি. বিপ্লব ডমিনিক পেরেরা | সিনিয়র অফিসার(একাউন্টস্) | সার্টিফিকেট ও নয় হাজার টাকা |
| ৩। | মিসেস রোজী রোজলীন রোজারিও | অফিসার (লোণ) | সার্টিফিকেট ও তিন হাজার টাকা |
| ৪। | মি. সিমান্ত ক্রুশ | জুনিয়র অফিসার(একাউন্টস্) | সার্টিফিকেট ও তিন হাজার টাকা |
| ৫। | মি. তরুন ক্রুশ | অফিস সহকারী | সার্টিফিকেট ও নয় হাজার টাকা |

নিজ উদ্যোগে ও পরিশ্রম ব্যতীত আর্থিক অভাব-অনটন, ক্ষুধা-দুর্ভিক্ষ কোন জাদুবিদ্যা দিয়ে হঠাৎ দূর করা যায় না।

জীবনকে সমৃদ্ধ করতে মিতব্যয়ের চর্চা ও নির্দিষ্ট লক্ষ্য অর্জনে সঞ্চয়ের বিকল্প নেই।

-ফ্রেডরিক উইলহেম রাফাইসেন

মি. উইলসন রিবেরু সদস্য নং ১৯৭৯ বলেন, ঋণ অবশ্যই প্রোডাক্টিভ খাত গুলো দেখে প্রদান করা হলে ভাল হবে।
মি. সোহেল রোজারিও, সদস্য নং-২১৩৬ বলেন, প্রতিবেদন তৈরীতে ডায়াগ্রাম ব্যবহার করতে হবে, তিনি প্রস্তাব করেন জামিনের পরিমাণ ১২টা থেকে ১৫টা করা যায় কিনা।
মি. রতন গ্রেগরী সদস্য নং ২১০১ বলেন, ঋণের বিষয় গুলো নির্ধারনে যেন অবশ্যই আরও সচেতন হতে হবে। পারিবারিক ব্যয় বা ঋণ পরিশোধ এই সমস্ত কারনে ঋণ না দিলে ভাল হবে।

মি. লিটন ক্রুশ সদস্য নং-১৮১৭, তিনি প্রস্তাব করেন ঋণের জামিন শেয়ার আমানতের পাশাপাশি যেন ডিপোজিট, স্কীম, সঞ্চয় ও অন্যান্য আমানত জামিন হিসাবে প্রদান করার সুযোগ দিতে হবে।
মি. রিচার্ড রোজারিও সদস্য নং ২০৬০ বলেন, ঋণ খেলাপির বিষয়টি যেন রিপোর্ট আকারে দেওয়া হয়।
মি. রনি রিচার্ড ছেড়াও সদস্য নং-২২৭৯ বলেন, স্কীম বা ডিপোজিট যেন শুধু নিজের ঋণের জামিন হিসাবে দেওয়া হয়।
চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন সমস্ত বিষয় বিবেচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।
মি. সোহেল রোজারিও সদস্য নং ২১৩৬ এর প্রস্তাবে এবং মি. রিচার্ড রোজারিও সদস্য নং ২০৬০ এর সমর্থনে ঋণদান পরিষদের প্রতিবেদন অনুমোদিত হয়।

**পর্যবেক্ষণ পরিষদের প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন ঃ** পর্যবেক্ষণ পরিষদের প্রতিবেদন পেশ করেন পর্যবেক্ষণ পরিষদের চেয়ারম্যান মিঃ প্লাসিড পেরেরা। প্রথমেই উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং পর্যবেক্ষণ পরিষদের প্রতিবেদনে কারো কোন প্রশ্ন বা প্রস্তাব আছে কিনা জানতে চান? প্রশ্ন থাকলে করার আহ্বান জানান।
মি. লেনার্ড রোজারিও, সদস্য নং ২৩২৪ বলেন, ২নং, ৪নং, ও ৬নং পয়েন্টে কত টাকা অনিয়ম হয়েছে তা খাত ওয়ারী ব্যাখা দিলে ভাল হবে। বর্তমানে কত টাকা হাতে নগদ রাখতে পারবে। সুপারভাইজরী কমিটি কোন রিপোর্ট দিয়েছে কিনা।
মি. বকুল রোজারিও, সদস্য নং ১০৭০ বলেন, ২০১৪-১৫ অর্থ বছরে নিরীক্ষকের প্রতিবেদনে ঙ নং কলামে দেয়া আছে ক্রেডিট ইউনিয়নের কোন অর্থ অবৈধ কাজে ব্যয় হয়নি এবং ক্রেডিটের ইউনিয়নের অর্থ আদায়ে কোন অন্যায় পন্থা অবলম্বন করে নাই।
মি. রতন গ্রেগরী, সদস্য নং ২১০১ বলেন, গত দুটি এজিএমে আলোচনার পরও সংশয় কাটেনি বিধায় প্রতিবেদনে যে অনিয়ম দেখানো হয়েছে তা ব্যাখা দিবেন।
মি. উইলসন রিবেরু, সদস্য নং ১৯৭৯ বলেন, যিনি দোষী তাকে সুনির্দিষ্ট প্রমাণ সহ আমাদের কাছে উপস্থাপন করবেন।
মি. বাবলু পেরেরা, সদস্য নং ১২২৪ বলেন, রিপোর্ট কি আসলে সুপারভাইজরী কমিটির নাকি অন্য কারো দিয়ে তৈরী করা। তিনি আরও বলেন যাদের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে, তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হোক।
মি. রিচার্ড রোজারিও, সদস্য নং ২০৬০ বলেন, যে ৮টি বিষয়ে অনিয়ম ধরা হয়েছে তা ফলোআপে অবশ্যই একটি তদন্ত কমিটি গঠন করা হোক।
মি. রবার্ট পংকজ গমেজ, সদস্য নং ৯৭৭ বলেন, অনিয়ম হয়েছে তা অবশ্যই ক্ষতিয়ে দেখতে হবে। দোষী ব্যক্তিকে অবশ্যই আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে। তদন্ত কমিটি ও রিভিউ কমিটি নিয়ে একটি সচ্ছ প্রক্রিয়া অনুসরণ করে রির্পোটি দিতে হবে। হাউস থেকে আরো ৫ জন নিরপেক্ষ সদস্য নিয়ে সুপারভাইজরী কমিটি ও রিভিউ কমিটির সহায়তায় একটি পূর্ণাঙ্গ রিপোর্ট দিতে হবে।
মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ বলেন, বর্তমান বোর্ড বিগত বোর্ডের সাথে বসেন তাহলে মতামতের ভিত্তিতে অনেক সমস্যার সমাধান হবে।

চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন, বিগত বোর্ডের কার্যক্রমে যে অনিয়ম পেয়েছি বিধায় রিপোর্টে উল্লেখ করা হয়েছে। বোর্ডের সর্বসম্মতির সিদ্ধান্তে রিভিউ কমিটি গঠন করা হয়েছে, আজ হাউসের কাছে স্পষ্ট ভাবে দায়িত্ব দিতে চাই এর সমাধান কিভাবে করা যায়, সমিতির টাকা সাধারণ জনগনের, এই টাকা সঠিক ভাবে ব্যবহার করতে হবে।
মি. পল ডি' কস্তা, সদস্য নং ১২১৯ বলেন, আমরা সবাই শান্তিপূর্ণ সহাবস্থানে থাকতে চাই। তদন্ত কমিটি গঠন না করে রিভিউ কমিটি, বর্তমান বোর্ড ও বিগত বোর্ড সদস্য নিয়ে কমিটি গঠন করা হোক।

মি. বিন্দু সুমন রোজারিও, সদস্য নং ১৮১৬ বলেন, কোন অর্থ যদি কারচুপি করে থাকে তাহলে তা ফিরিয়ে আনার দায়িত্ব আপনাদেরই। কমিটির নাম যাই হোকনা কেন তার সচ্ছ একটি প্রতিবেদন আমরা সবাই দেখতে চাই।

**কৃতি ছাত্র-ছাত্রীদের সম্মাননা ঃ**

মঠবাড়ী ধর্মপল্লীর মধ্যে খ্রিস্টান মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা জিপিএ-৫ পেয়েছে তাদেরকে সার্টিফিকেট ও নগদ ১০০০.০০ টাকা দিয়ে সম্মাননা দেয়া হয়েছে।

| ক্রমিক নং | নাম | গ্রাম | পিতার নাম | মাতার নাম | পরীক্ষা নাম | স্কুলের নাম | ফলাফল |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | লিকা রোজ রোজারিও | কুঁচিলাবাড়ী | কেনেট রোজারিও | লিপি রোজারিও | প্রাথমিক শিক্ষা সমাপনী -২০১৪ | ফিউচার ফাউন্ডেশন কিন্ডার গার্টেন | জিপিএ-৫ |
| ০২ | প্রাপ্য রোজারিও | মাল্লা | সুধীর রোজারিও | প্রনতি রোজারিও | প্রাথমিক শিক্ষা সমাপনী-২০১৪ | ফিউচার ফাউন্ডেশন কিন্ডার গার্টেন | জিপিএ-৫ |
| ০৩ | অংশীতা গমেজ | তেঁতুইবাড়ী | অসীম গমেজ | নীপা পিউরীফিকেশন | প্রাথমিক শিক্ষা সমাপনী-২০১৪ | ফিউচার ফাউন্ডেশন কিন্ডার গার্টেন | জিপিএ-৫ |
| ০৪ | এমি ক্লারা গমেজ | মঠবাড়ী | রিংকু গমেজ | রুমা গমেজ | প্রাথমিক শিক্ষা সমাপনী-২০১৪ | ফিউচার ফাউন্ডেশন কিন্ডার গার্টেন | জিপিএ-৫ |
| ০৫ | তুর্য ডি' ক্রুশ | পোড়াবাড়ী | লিটন ডি'ক্রুশ | কানন ক্রুশ | এসএসসি-২০১৫ | বনফুল আদিবাসী গ্রীন হার্ট কলেজ | জিপিএ-৫ |
| ০৬ | নিটল ভিনসেন্ট রোজারিও | মাল্লা | শ্যামল জেমস্ রোজারিও | আসন্তা রোজারিও | এসএসসি-২০১৫ | সেন্ট যোসেফ হাইয়ার সেকেন্ডারী স্কুল এন্ড কলেজ | জিপিএ-৫ |
| ০৭ | জ্যাকলিন গাইমার | দঃভাসানিয়া | জেফরী গাইমার | সীমা গাইমার | এসএসসি-২০১৫ | পানজোর বালিকা উচ্চ বিদ্যালয় | জিপিএ-৫ |

**উপস্থিত সদস্য-সদস্যাদের মধ্যে লটারী ঃ**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ক্রেডিট কমিটির চেয়ারম্যান মি. ফিলিপ প্রফুল্ল রোজারিও ও সেক্রেটারী মি. ডিয়েল চার্লস গমেজ সাধারণ লটারী পর্ব পরিচালনা করেন। সাধারণ লটারীর পুরস্কার হিসেবে দেয়া হয় ৫৩ পিস আরএফএল এর প্লাস্টিক বোল।

**ধন্যবাদ জ্ঞাপন ও সমাপ্তি ঘোষণা ঃ**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত ভাইস-চেয়ারম্যান মি. রতন রোনাল্ড রিবেরু, সকল সদস্য-সদস্যাদের শুভেচ্ছা জানান। আপনাদের সকল প্রস্তাবনা আমরা সাদরে গ্রহণ করেছি। ধন্যবাদ দেই সমিতির সেক্রেটারী, সকল কর্মকর্তা, সকল স্টাফ ও বিভিন্ন উপ-কমিটি, অভ্যর্থনা কমিটি, প্রচার ও প্রকাশনা কমিটি, খাদ্য কমিটি, সাজসজ্জা কমিটি, কালচারাল কমিটি, ক্রয় কমিটি, যুব সমিতি, নিরাপত্তা কমিটি, ডিজিটাল পরিবেশকদের, পালকীয় পরিষদের সদস্যদেরকে এবং সর্বশেষ ধন্যবাদ দিতে চাই সকল সদস্য-সদস্যাদের।

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ক্রেডিট কমিটির সম্মানিত চেয়ারম্যান মি. ফিলিপ প্রফুল্ল রোজারিও সমাপ্তি প্রার্থনা করেন।

পরিশেষে সম্মানিত চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও ৪১তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন। ধন্যবাদ।

**সনজিতা রোজারিও**
**মিনিটস্ সেক্রেটারী**
**৪১তম বার্ষিক সাধারণ সভা**

**লতা রোজারিও**
**মিনিটস্ সেক্রেটারী**
**৪১তম বার্ষিক সাধারণ সভা**

**জেমস ডি' রোজারিও**
**সেক্রেটারী**
**৪১তম বার্ষিক সাধারণ সভা**

**শ্যামল জেমস্ রোজারিও**
**চেয়ারম্যান**
**৪১তম বার্ষিক সাধারণ সভা**

মি. থিওফিল রোজারিও, সদস্য নং ১০৮৭ বলেন, সমবায় পরিচালিত হয় সমবায়ী নিয়মে তবুও আমরা চাবো আমরা নিজেরা বসে এই সমস্ত সমস্যা গুলো সমাধান করতে। সমিতি অনেক বড় হয়েছে একটি সঠিক সিস্টেম এর মাধ্যমে চালাতে হবে।

মি. শিমুল গমেজ, সদস্য নং ১২০৫ বলেন, হাউস যদি তদন্ত কমিটি নির্ধারন করে তবে তাই হবে সর্বোচ্চ কমিটি। বিগত বোর্ডের সাথে বর্তমান বোর্ড বসুক তাহলে সমাধান হবে।

মি. রবার্ট পংকজ গমেজ, সদস্য নং ৯৭৭ বলেন, নিরপেক্ষ লোক নিয়ে সবার সহযোগিতায় কমিটি গঠন করা হোক। চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন তাহলে হাউস থেকে নামের প্রস্তাব করা হোক এবং হাউস থেকে পাঁচ জনের নামের প্রস্তাব করা হয়।

১. পল ডি' কস্তা।
২. থিওফিল রোজারিও।
৩. সঞ্চয় ডমিনিক রোজারিও।
৪. রনি গোছাল।
৫. রবার্ট পংকজ গমেজ।

মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ বলেন, আগামী এজিএম-এ সদস্যদের এই বিষয় গুলির সঠিক ব্যাখ্যা দেয়ার চেষ্টা করবেন।

চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও বলেন এই পাঁচ জন এবং রিভিউ কমিটির ৯ জন মিলে পূর্ণাঙ্গ তদন্ত কমিটি গঠিত হলো। এই তদন্ত কমিটি যথাশীঘ্র তদন্ত কার্যক্রম পরিচালনা করে তাদের রিপোর্ট প্রদান করবে। বোর্ড যথা নিয়মে তা সদস্যদের অবহিত করবো এবং সমবায়ের নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ করবো।

মি. রবার্ট পংকজ গমেজ, সদস্য নং ৯৭৭, এর প্রস্তাবে এবং মিঃ সুরেন রিচার্ড গমেজ সদস্য নং ৭৭৫ এর সমর্থনে সুপারভাইজরী কমিটির রিপোর্ট গৃহীত ও অনুমোদিত হয়।

**শিক্ষা উপ-কমিটির প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন ঃ** শিক্ষা উপ-কমিটির রিপোর্ট উপস্থাপন করেন মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সম্মানিত ভাইস-চেয়ারম্যান ও শিক্ষা উপ-কমিটির আহ্বায়ক মিঃ রতন রোনাল্ড রিবেরু। তিনি উপস্থিত সকলকে সমবায়ী শুভেচ্ছা জানান। তিনি শিক্ষা উপ-কমিটির প্রতিবেদনে কোন প্রশ্ন আছে কিনা জানতে চান।

মি. বকুল রোজারিও সদস্য নং ১০৭০ বলেন, সমবায় দর্পণ নিয়ে কোন পরিকল্পনা আছে কিনা। শিক্ষা উপ-কমিটির যে বাজেট রয়েছে তা-কি চলমান রাখবেন নাকি বাদ দিবেন।

মি. রতন রোনাল্ড রিবেরু বলেন প্রক্রিয়া চলমান থাকবে, ভবিষ্যতে যে বোর্ডই আসুক না কেন এ প্রক্রিয়া চলবে।

মি. রবার্ট পংকজ গমেজ, সদস্য নং ৯৭৭ বলেন, কিছু নির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করবেন। বিভিন্ন প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব রাখেন।

মি. রবার্ট পংকজ গমেজ , সদস্য নং ৯৭৭ এর প্রস্তাবে এবং মি. সঞ্চয় ডমিনিক রোজারিও, সদস্য নং ৬৪০ এর সমর্থনে শিক্ষা উপ-কমিটির রিপোর্ট গৃহীত ও অনুমোদন করা হয়।

**উপ-বিধি সংশোধনী ঃ**

মি. উইলসন বিবেরু, সদস্য নং ১৯৭৯ বলেন, অতিথিদের বক্তব্য কমিয়ে আনলে ভাল হবে কারন পরে এজিএম এর মূল আলোচনার সময় কম পাওয়া যায়।

মি. বাবলু পেরেরা, সদস্য নং ১২২৪ বলেন, সংশোধনী ৩৮ নং ধারায় ডিফল্টার থাকলে বকেয়া পরিশোধ করে নির্বাচনে অংশগ্রহণ করতে হবে।

মি. রতন গ্রেগরী, সদস্য নং ২১০১ বলেন, উপ-বিধি ধারা নং ১০, ৩৮ ও ৪৪ সংশোধনী গ্রহণ করা হলো।

অত্র সমিতি উপ-বিধি ধারা নং ১০, ৩৮ ও ৪৪ সংশোধনীর জন্য প্রস্তাবনা রাখা হলো।





# ৪১তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত প্রস্তাব ও ফলোআপ

| ক্রমিক নং | প্রস্তাবনা | বাস্তবায়নের চিত্র |
|---|---|---|
| ১ | সমিতির নিজস্ব ভবন | বিগত ২৭ মে ২০১৬ তারিখে সমিতির নিজস্ব ভবন এর শুভ উদ্বোধন করা হয়। ভবনের নির্মাণ কাজ দ্রুত গতিতে এগুচ্ছে। ভবন নির্মাণ কমিটির সরাসরি তত্ত্বাবধানে নির্মাণ কাজ নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ হবে বলে আশা করছি। |
| ২ | মিশনের সসদ্য-সদস্যাদের জমি ক্রয়/রক্ষা | ইতিমধ্যে সমিতি মঠবাড়ী মিশনের পাশে ৭০ শতাংশ ও কুচিলা বাড়ীতে ৯২ শতাংশ জমি ক্রয় করেছে। তা সদস্যাদের উন্নয়নে ব্যবহার করা হবে। |
| ৩ | সেবা বুথ ও শিক্ষা সেমিনার | বর্তমান বোর্ড দায়িত্ব নেওয়া পর-পরই ৭টি গ্রামে শিক্ষা সেমিনার করতে সক্ষম হয়েছে। সদস্য সেবা দাড় প্রান্তে পৌঁছে দেওয়ার অঙ্গিকার পূরনের জন্য ইতিমধ্যে উত্তর ভাসানিয়া ও ঢাকায় সেবা বুথ চালু করেছে। যা থেকে সদস্যদের সেবা প্রদান করা হবে। |
| ৪ | বর্তমানে সমিতির সদস্য-সদস্যা সংখ্যা বৃদ্ধি | সদস্য সংখ্যা সমিতির বিধি অনুসারে বৃদ্ধি করার প্রচেষ্টা করা হচ্ছে। উপবিধি সংশোধনের মাধ্যমে সহযোগী সদস্যপদ প্রদান প্রকৃয়াধীন রয়েছে। |
| ৫ | সমিতির শেয়ার ও কার্যকরী মূলধন | সমিতির শেয়ার ও কার্যকরী মূলধন দ্রুত গতিতে বৃদ্ধির লক্ষে বর্তমান বোর্ড কাজ করে যাচ্ছে। বৃদ্ধির একটি চিত্র আপনার আর্থিক প্রতিবেদনে দেখতে পাবেন। |
| ৬ | বিনিয়োগ ও বাণিজ্যিক ভবন | নিরাপদ বিনিয়োগ ও কর্মসংস্থান তৈরী করতে বর্তমান বোর্ড কাজ করে যাচ্ছে। |
| ৭ | মৃত সদস্যদের সৎকারে সহযোগিতা বৃদ্ধি। | মৃত সদস্যদের সৎকার সহযোগিতা ৩০০০.০০ টাকা থেকে ৫০০০.০০ টাকা করা হয়েছে। |
| ৮ | সদস্য সেবা | সদস্য সেবা নিশ্চিত করার জন্য স্টাফ বৃদ্ধি করা হয়েছে এবং পেশা গত দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকার ট্রেনিং এর ব্যবস্থা করা হয়েছে। প্রয়োজনে আরও ট্রেনিং এর ব্যবস্থা করা হবে। |
| ৯ | বিভিন্ন উপ-কমিটি ও সদস্যদের সাথে সু-সম্পর্ক | বিভিন্ন উপ-কমিটিগুলোকে শক্তিশালী করে সদস্য/সদস্যাদের সাথে সম্পর্ক উন্নয়নে উদ্যোগ নেওয়া হয়েছে। |
| ১০ | বিভিন্ন আর্থিক অনুদান | সমিতি গরীব, মেধাবী ছাত্র/ছাত্রীদের, অসুস্থ্যদের ও কেন্দ্রিয় যুব সংগঠন সহ গ্রামের সকল সংগঠনকে আর্থিক ভাবে সহযোগিতা করে আসছে। |
| ১১ | লিগ্যাল এডভাইজার | সমিতিকে নিরাপদ রাখা, মর্টগেজ লোণ তরান্বিত করা ও সমিতির জমি ক্রয়ের জন্য একজন লিগ্যাল এডভাইজার নিয়োগ দেওয়া হয়েছে। |
| ১২ | ইঞ্জিনিয়ার নিয়োগ | বিল্ডিং নির্মানের কাজ সার্বক্ষনিক তদারকি করার জন্য একজন ফুল টাইম ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও প্রয়োজন বিশেষে একজন সিভিল ইঞ্জিনিয়ার নিয়োগ দেওয়া হয়েছে। |
| ১৩ | উপ-কমিটিতে অসদস্য ও ডিফল্টারদের নাম বাদ দেয়ার প্রস্তাব হয়। | সদস্য ছাড়া কেউ উপ-কমিটিতে নেই ডিফল্টারদের নাম কমিটি থেকে বাদ দেয়া হয়েছে। |
| ১৪ | কুলুন গ্রামে সেবা বুথ করার প্রস্তাব রাখা হয়। | শিক্ষা সেমিনার ও মতবিনিময় সভায় কুলুন গ্রামবাসীকে অনুরোধ করা হয়েছে সমস্ত সাপোর্ট ও নিরাপত্ত নিশ্চিত সাপেক্ষে লিখিত দিলেই আমরা সেবা বুথ করতে পারবো। |
| ১৫ | মেধার ভিত্তিতে শিক্ষা বৃত্তি প্রদান করা হোক। | প্রক্রিয়াটি চলমান রয়েছে। |
| ১৬ | ২০ কোটি টাকা তারল্য রয়েছে বিনিয়োগ পরিবর্তন করতে হবে। | নতুন প্রোডাক্ট ঋণ সহ নিরাপদ বিনিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। |
| ১৭ | ঋণ নিরাপত্তা স্কীম ১০০০০০.০০ টাকা থেকে ২০০০০০.০০ টাকা করার প্রস্তাব | ২০০০০০.০০ টাকায় উন্নতি করা হয়েছে। প্রিমিয়াম পূর্বে ৫০.০০ টাকা প্রিমিয়াম নেওয়া হতো এখন ১০০.০০ টাকা নেওয়া হচ্ছে। |

| ধারা নং | বর্তমান ধারা | ধারা নং | প্রস্তাবিত ধারা |
|---|---|---|---|
| ১০ নং ধারা | ক্রেডিট ইউনিয়নের অনুমোদিত মূলধন (শেয়ার ক্যাপিটাল) ২০,০০,০০,০০০.০০ (বিশ কোটি) টাকা হবে। প্রত্যেক সদস্যকে কমপক্ষে একটি শেয়ার ক্রয় করতে হবে। প্রত্যেক শেয়ারের মূল্য ১০.০০ (দশ) টাকা হবে এবং ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) শেয়ার বিভক্ত। | ১০ নং ধারা | ক্রেডিট ইউনিয়নের অনুমোদিত মূলধন (শেয়ার ক্যাপিটাল) ২০,০০,০০,০০০.০০ (বিশ কোটি) টাকা হবে। প্রত্যেক সদস্যকে কমপক্ষে **পাচঁটি শেয়ার** (৫০.০০ পঞ্চাশ টাকা) ক্রয় করতে হবে। প্রত্যেক শেয়ারের মূল্য ১০.০০ (দশ) টাকা হবে এবং ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) শেয়ার বিভক্ত। |
| ৩৮ নং ধারা | ৩ জন সদস্য নিয়ে ঋণদান পরিষদ গঠিত এবং তারা নিম্নরূপ নির্বাচিত হবেন -<br>(ক) তারা প্রত্যেকে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তিন বৎসরের জন্য নির্বাচিত হবেন। ঋণদান পরিষদের ন্যূনতম ১০০টি শেয়ার ক্রয় এবং সদস্য পদ লাভের কমপক্ষে ২৪ মাস অতিক্রম। যদি নির্বাচন পূর্ববর্তী ১২ মাসে ১ মাসের বেশী ডিফল্ট অথবা নির্বাচন পূর্ববর্তী ২৪ মাসে তিন বা ততোধিক মাস ডিফল্ট থাকে তবে নির্বাচনের প্রার্থী হতে পারবে না। | ৩৮ নং ধারা | ৫ জন সদস্য নিয়ে ঋণদান পরিষদ গঠিত হবে। ১ জন চেয়ারম্যান, ১ জন সেক্রেটারী ও ৩ জন সদস্য নিয়ে গঠন প্রক্রিয়া হবে এবং তারা নিম্নরূপ নির্বাচিত হবেন-<br>(ক) তারা প্রত্যেকে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তিন বৎসরের জন্য নির্বাচিত হবেন। ঋণদান পরিষদের সদস্যদের নূন্যতম ১০০টি শেয়ার ক্রয় থাকতে হবে এবং সদস্য পদ লাভের কমপক্ষে ২৪ মাস অতিক্রম। যদি নির্বাচন পূর্ববর্তী ১২ মাসে ১ মাসের বেশী ডিফল্ট অথবা নির্বাচন পূর্ববর্তী ২৪ মাসে তিন বা ততোধিক মাস ডিফল্ট থাকে তবে নির্বাচনের প্রার্থী হতে পারবে না। |
| ৪৪ নং ধারা | ৩ জন সদস্য নিয়ে পর্যবেক্ষণ পরিষদ গঠিত এবং তারা নিম্নরূপ নির্বাচিত হবেন -<br>(ক) তারা প্রত্যেকে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তিন বৎসরের জন্য নির্বাচিত হবেন। পর্যবেক্ষণ পরিষদের নূন্যতম ১০০টি শেয়ার ক্রয় এবং সদস্য পদ লাভের কমপক্ষে ২৪ মাস অতিক্রম। যদি নির্বাচন পূর্ববর্তী ১২ মাসে ১ মাসের বেশী ডিফল্ট অথবা নির্বাচন পূর্ববর্তী ২৪ মাসে তিন বা ততোধিক মাস ডিফল্ট থাকে তবে নির্বাচনের প্রার্থী হতে পারবে না। | ৪৪ নং ধারা | ৫ জন সদস্য নিয়ে পর্যবেক্ষণ পরিষদ গঠিত হবে। ১ জন চেয়ারম্যান, ১ জন সেক্রেটারী ও ৩ জন সদস্য নিয়ে গঠন প্রক্রিয়া হবে এবং তারা নিম্নরূপ নির্বাচিত হবেন-<br>(ক) তারা প্রত্যেকে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তিন বৎসরের জন্য নির্বাচিত হবেন। পর্যবেক্ষণ পরিষদের সদস্যদের ন্যূনতম ১০০টি শেয়ার ক্রয় থাকতে হবে এবং সদস্য পদ লাভের কমপক্ষে ২৪ মাস অতিক্রম হতে হবে। যদি নির্বাচন পূর্ববর্তী ১২ মাসে ১ মাসের বেশী ডিফল্ট অথবা নির্বাচন পূর্ববর্তী ২৪ মাসে তিন বা ততোধিক মাস ডিফল্ট থাকে তবে নির্বাচনের প্রার্থী হতে পারবে না। |

মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ বলেন, সংশোধনী রিপোর্টে ৩৮ নং ধারার ৪র্থ লাইনের পরের অংশ বাদ দেয়ার প্রস্তাব রাখেন। মি. সোহেল রোজারিও, সদস্য নং ২১৩৬ এর প্রস্তাব এবং উইলসন রিবেরু সদস্য নং ১৯৭৯ এবং মিঃ সুব্রত রোজারিও, সদস্য নং ৯৩৯ এদের সমর্থনে উপ-বিধি সংশোধনী গৃহিত ও অনুমোদন করা হয়।

**বিবিধ ঃ**

মি. লিটন রিচার্ড ক্রুশ, সদস্য নং ১৮১৭ বলেন, চেয়ারম্যান যেন নিজের প্রিন্সিপালে কাজ পরিচালনা করেন। এজিএম এ সেক্রেটারীকে পরিচয় করিয়ে দিবেন, জাতীয় পতাকা উপরে হবে এবং সমবায়ী পতাকা কিছুটা নীচে হবে।

মি. রতন গ্রেগরী, সদস্য নং ২১০১ বলেন, বিগত ও বর্তমান বোর্ডকে ধন্যবাদ জানাই ভালো সমবায়ীদের সম্মাননা দেয়ার জন্য, প্রস্তাব রাখি প্রতি বছর এই সুযোগ রাখবেন।

| | | |
|---|---|---|
| ১৮ | ১৬ কোটি টাকা ডিফল্টার রয়েছে কাজ করতে প্রয়োজনে স্টাফ নিয়োগ করতে হবে। | ডিফল্টারদে নিয়ে কাজ করা হচ্ছে। ইতোমধ্যে ডিফল্টারের পরিমান ১৪ কোটি টাকাতে নামিয়ে আনা হয়েছে। |
| ১৯ | ভোক্তা ঋণ ৫০০০০.০০ টাকা থেকে ১০০০০০.০০ টাকা করার প্রস্তাব রাখেন। | ভোক্তা ঋণ ১০০০০০.০০ টাকা প্রদান করা হচ্ছে। |
| ২০ | সাসপেন্স হিসাবের ১,৬৫,৫৩৭.০০ টাকা বিল্ডিং ফান্ডে সমন্বয় করার প্রস্তাব রাখেন। | সাসপেন্স হিসাবের ১,৬৫,৫৩৭.০০ টাকা বিল্ডিং ফান্ডে সমন্বয় করা হয়েছে। |
| ২১ | নিরাপদ বিনিয়োগের জন্য বোর্ডকে ভাল সিদ্ধান্ত নেয়ার প্রস্তাব হয়। | বোর্ড নিরাপদ বিনিয়োগে বদ্ধ পরিকর। |
| ২২ | বোর্ডে মহিলা কর্মকর্তা যেন বেশী থাকে সেদিকে নজর দিতে হবে। | বোর্ডে ৬ জন মহিলা কর্মকর্তা রয়েছে। |
| ২৩ | নির্বাচনের দিন সকল ভোটারকে টিফিন দেওয়ার প্রস্তাব রাখেন। | বিষয়টি বাস্তবায়ন করা হবে। |
| ২৪ | কর্মীদের ট্রেনিং এর ব্যবস্থা করা প্রস্তাব রাখা হয়। | কর্মীদের কিছু ট্রেনিং এ অংশগ্রহণ করানো হয়েছে, দক্ষ করার জন্য পর্যায় ক্রমে ট্রেনিং করার চিন্তা রয়েছে। |
| ২৫ | মিশনের ফাদারের অডিনেশনে ২,০০,০০০/= টাকা দেয়া প্রস্তাব রাখেন। | অর্ডিনেশনে ২,০০,০০০.০০ টাকা দেওয়া হয়েছে। |
| ২৬ | এজিএম রিপোর্টে ৯টি বিষয়ে অনিয়ম রয়েছে তা তদন্ত কমিটি গঠন করা প্রস্তাব রাখেন। | ৪১ তম বার্ষিক সভায় সর্বসম্মত সিদ্ধান্তে তদন্ত কমিটি গঠন করা হয়েছে |
| ২৭ | এজিএমে সামনে বসার আসন কমালে ভাল এবং বক্তব্য সংক্ষিপ্ত করতে হবে। | বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়েছে। |
| ২৮ | সাত জনের নামে থানায় জিডি রয়েছে তা প্রাক্তন বোর্ড কর্মকর্তাদের তুলে নেওয়ার প্রস্তাব রাখেন। | জিডি তুলে নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছিল কিন্তু প্রাক্তন বোর্ড কর্মকর্তাদের অসহযোগিতার কারনে জিডিতুলে নেয়ার কাজ আপাতত স্থগিত রয়েছে। |
| ২৯ | ইটিন সার্টিফিকেট | সমিতির নামে একটি ইটিন সার্টিফিকেট করা হয়েছে, এতে বিনিয়োগের ক্ষেত্রে ১৫% থেকে ১০% ভ্যাট দেওয়া যাবে। |
| ৩০ | এইচডিএস স্কীম চালু | বিগত ২১/১০/২০১৬ তারিখ থেকে হাইজিং ডিপোজিট স্কীম চালু করা হয়েছে, এতে সবাই সদস্য হতে পারবেন। |
| ৩১ | অনিয়মিত ঋণ চালু প্রসংঙ্গে | অনিয়মিত সদস্যরা বই চালু করলে ১-৩ বছর ৫%, ৩-৫ বছর ১০%, ৩ বছরের, উর্ধ্বে ২০% জরিমানা মকুব করা হবে। |

**ধন্যবাদান্তে,**

জেমস ডি' রোজারিও
সেক্রেটারী
মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ